# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২০৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯২৮]

১২। জানাযাহ সম্পর্কিত (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৯. মাইয়্যিতের পরিজনের কান্নাকাটির দরুন মাইয়্যিতকে কবরে শাস্তি দেয়া হয়

باب الْمَيِّتُ يُعَذَّبُ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ

আরবী

حَدَّثَنَا دَاوُدُ بْنُ رُشَيْدٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ، أَبِي مُلَيْكَةَ قَالَ كُنْتُ جَالِسًا إِلَى جَنْبِ ابْنِ عُمَرَ وَنَحْنُ نَنْتَظِرُ جَنَازَةَ أُمِّ أَبَانٍ بِنْتِ عُثْمَانَ وَعِنْدَهُ عَمْرُو بْنُ عُثْمَانَ فَجَاءَ ابْنُ عَبَّاسٍ يَقُودُهُ قَائِدٌ فَأُرَاهُ أَخْبَرَهُ بِمَكَانِ ابْنِ عُمَرَ، فَجَاءَ حَتَّى جَلَسَ إِلَى جَنْبِي فَكُنْتُ بَيْنَهُمَا فَإِذَا صَوْتٌ مِنَ الدَّارِ فَقَالَ ابْنُ عُمَرَ ـ كَأَنَّهُ يَعْرِضُ عَلَى عَمْرٍو أَنْ يَقُومَ فَيَنْهَاهُمْ ـ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِنَّ الْمَيِّتَ لَيُعَذَّبُ بِبُكَاءِ أَهْلِهِ " . قَالَ فَأَرْسَلَهَا عَبْدُ اللَّهِ مُرْسَلَةً

বাংলা

২০৩৪-(২২/৯২৮) দাউদ ইবনু রুশায়দ (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু আবূ মুলায়কাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমর (রাযিঃ) এর পাশে বসা ছিলাম এবং আমরা উসমানের কন্যা উম্মু আবান এর জানাযাহ পড়ার জন্যে অপেক্ষা করছিলাম। আর তার (ইবনু উমার) নিকটেই ছিল ’আমর ইবনু উসমান (রাযিঃ)। এমন সময় ইবনু আব্বাস (রাযিঃ) আসলেন, তাকে একজন পথ নির্দেশনাকারী হাতে ধরে নিয়ে আসছে। আমার ধারণা সে তাকে ইবনু উমারের উপস্থিতি সম্পর্কে সংবাদ দিয়েছে। তিনি এসে আমার পাশে বসলেন। আমি উভয়ের মাঝখানে ছিলাম। হঠাৎ ঘর থেকে একটা (কান্নার) আওয়াজ শুনা গেল। তখন ইবনু উমর (রাযিঃ) বলেন, মনে হয় তিনি আমরের প্রতি ইঙ্গিত করছিলেন যেন তিনি উঠে তাদেরকে (কান্না থেকে) বিরত রাখেন- আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ মৃত ব্যক্তিকে তার পরিবার-পরিজনের কান্নার দরুন শাস্তি দেয়া হয়। বর্ণনাকারী বলেন, ’আবদুল্লাহ ইবনু উমর (রাযিঃ) এ কথাটা সাধারণভাবে বলেই ছেড়ে দিলেন। (ইসলামী ফাউন্ডেশন ২০১৭. ইসলামীক সেন্টার ২০২৪)

## English

'Abdullah b. Abu Mulaika reported:

I was sitting by the side of Ibn 'Umar, and we were waiting for the bier of Umm Aban, daughter of 'Uthman, and there was also 'Amr b. 'Uthman. In the meanwhile there came Ibn 'Abbas led by a guide. I conceive that he was informed of the place of Ibn 'Umar. So he came till he sat by my side. While I was between them (Ibn 'Abbas and Ibn 'Umar) there came the noise (of wailing) from the house. Upon this Ibn 'Umar said (that is, he pointed out to 'Amr that he should stand and forbid them, for): I heard the Messenger of Allah (ﷺ) as saying: The dead is punished because of the lamentation of his family. 'Abdullah made it general (what was said for a particular occasion).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবন আবূ মুলায়কা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন